এসো সংস্কৃত শিখি

(ব্যাকরণ ব্যতীত সংস্কৃত ভাষা অধ্যয়নের সরল বিধি)

প্রথম খণ্ড

নিবেদনে

বেদ গীতা শাস্ত্র অন্বেষণ

ওঁ

এসো সংস্কৃত শিখি

(ব্যাকরণের নিয়ম ব্যতীত সংস্কৃত অধ্যয়নের সরল বিধি)

[সংস্কৃত পাঠ মালা — পুস্তকের বঙ্গানুবাদ]

(প্রথম খণ্ড)

লেখক

শ্রী দামোদর সাতবলেকর

অনুবাদ ও সম্পাদনা

শ্রী রজিৎ চন্দ্র

বেদ-গীতা শাস্ত্র অন্বেষণ

[সর্বদা সত্য ও ধর্মের পথে]

এসো সংস্কৃত শিখি

প্রকাশক : বেদ-গীতা শাস্ত্র অন্বেষণ

পূর্ব সংস্করণ : হিন্দিতে অনেক সংস্করণ পাওয়া যায়।

নতুন সংস্করণ : ৩০ মে ২০২৫ ইং

নতুন সংস্করণের সম্পাদনা : শ্রী রজিত্ চন্দ্র (Sri Rojit Chandra)
প্রুভ রিডিং : শ্রী চয়ন চন্দ্র (Sri Chayan Chandra)

মূল্য : বিনামূল্যে ই-বুক কপি।

প্রচ্ছদ ও অক্ষর বিন্যাস : বেদ-গীতা শাস্ত্র অন্বেষণ

উদ্দেশ্য

সংস্কৃত ভাষা অত্যন্ত প্রাচীন ভাষা, এই ভাষা সম্পূর্ণ আর্যাবর্তের প্রধান ভাষা। এই ভাষার অনেক নাম রয়েছে, যেমন- দেবভাষা, দেববাণী, গীর্বাণভাষা ইত্যাদি। আর্যদের সকল ধর্মগ্রন্থ সংস্কৃত ভাষায়, এইজন্য সকল আর্যদের সংস্কৃত ভাষার অধ্যয়ন অবশ্যই করা উচিত। প্রত্যেক মনুষ্যের নিকট যাতে সংস্কৃত ভাষার অভ্যাস সরল ও সুগম হয়, এইজন্য এই "সংস্কৃত-পাঠ-মালা" লিখিত হয়েছে। এতে পাঠবিধি এইরূপ সুগম রাখা হয়েছে যে, যে মনুষ্য প্রতিদিন একঘন্টা বা আধাঘন্টা এই পুস্তকের অভ্যাস / অধ্যয়ন করবে, তার এক বর্ষের মধ্যে রামায়ণ, মহাভারত বোঝার জন্য যতটুকু জ্ঞান প্রয়োজন তা প্রাপ্ত হয়ে যাবে।

আশা যে, সংস্কৃত প্রেমী ব্যক্তিগণ এই পুস্তক দ্বারা অবশ্যই লাভান্বিন হবে।

— লেখক

শ্রী দামোদর সাতবলেকর

অনুবাদক

বর্তমান সংস্কৃত ভাষা শিক্ষার জন্য অনেক পুস্তক পাওয়া যায়। কিন্তু অন্যান্য পুস্তকের তুলনায় এই পুস্তকটি একটু ব্যাতিক্রম। এই পুস্তকে শিখন বিধি অনেক সরল হওয়ায় আপনার কোনো অংশ বুঝতে সমস্যা হবে না, আর মজার বিষয় হলো সংস্কৃত শিখতে হলে যে ব্যাকরণের নিয়মবিধি প্রয়োজন হয়, তা আপনার লাগবে না। কেননা এই পুস্তকটি এমনভাবে সাজানো হয়েছে যাতে আপনার আর কোনো অন্য পুস্তক অনুসরণ করতে না হয়। আর এই পুস্তকের হিন্দি সংস্করণে যেরূপ ছিল, বঙ্গানুবাদে আমি আরও অনেক সরল অর্থ অনুবাদ যুক্ত করেছি। যেই কারণে এই পুস্তকটি আরও অত্যাধিক সুগম হয়েছে।

আমি আশাবাদী যে, এই পুস্তকটি পাঠকদের নিকট সমাদৃত হবে।

— ***রজিৎ চন্দ্র***

দু'টি-কথা

" এসো সংস্কৃত শিখি " এই পুস্তকের মোট ছয়টি খণ্ড রয়েছে। আমরা প্রথম খণ্ডটি সকলের জন্য ই-বুক রূপে উন্মুক্ত করছি। যাহাতে সকলের নিকট সংস্কৃত শেখার শুরুর যাত্রা অনেক অনুপম হয়, সেই উদ্দেশ্যেই আমাদের এই সিদ্ধান্ত। যদি পাঠকদের নিকট এই পুস্তক ভালো লেগে থাকে, তবে আমরা পরবর্তী খণ্ড গুলো প্রকাশ করবো।

আপনারা আপনাদের গুরুত্বপূর্ণ মতামত আমাদের ফেইসবুক পেইজের মেসেজে জানাবেন, আপনাদের মতামতেই আমাদের প্রেরণা আরও বৃদ্ধি পাবে।

আমাদের ফেইসবুক পেইজ ➢ বেদ গীতা শাস্ত্র অন্বেষণ [এখানে ক্লিক করুন]
অথবা, ফেইসবুকে গিয়ে "**বেদ গীতা শাস্ত্র অন্বেষণ**" লিখে সার্চ করুন।

আপনাদের মতামতের অপেক্ষায় আমরা.....

"বেদ গীতা শাস্ত্র অন্বেষণ"

পাঠ — ১

নিম্নলিখিত শব্দ এবং তার অর্থগুলো স্মরণে রাখুন, অতঃপর সেগুলো দিয়ে তৈরি বাক্যগুলো দেখুন —

অহং = আমি। ***ত্বং*** = তুমি। ***সঃ*** = সে/তিনি ***বদামি*** = (আমি) বলি।

বদসি = (তুমি) বলো। ***বদতি*** (সে/তিনি) বলে

বাক্য

অহং বদামি = আমি বলি।

ত্বং বদসি = তুমি বলো।

সঃ বদতি = সে / তিনি বলে।

এই শব্দগুলো সংস্কৃততে উল্টো করেও বলা যায়, এতে কোনো সমস্যা হয় না। এইভাবে বললে সংস্কৃত ব্যাকরণে অশুদ্ধি হয় না। যেমন —

অহং বদামি। ত্বং বদসি। সঃ বদতি।
বদামি অহং। বদসি ত্বং। বদতি সঃ।

এখন নিম্নলিখিত শব্দগুলো পড়ুন —

পঠামি = (আমি) পড়ি

পঠসি = (তুমি) পড়ো

পঠতি = (সে/তিনি) পড়ে

পশ্যামি = (আমি) দেখি

পশ্যসি = (তুমি) দেখো

পশ্যতি = (সে/তিনি) দেখে

খাদামি = (আমি) খাই

খাদসি = (তুমি) খাও

খাদতি = (সে/তিনি) খায়

গচ্ছামি = (আমি) যাই

গচ্ছসি = (তুমি) যাও

গচ্ছতি = (সে/তিনি) যায়

এখন নিম্নলিখিত শব্দগুলো নিজেই বুঝতে পারবেন —

অহং পঠামি । ত্বং পঠসি । সঃ পঠতি ।
অহং পশ্যামি । ত্বং পশ্যসি । সঃ পশ্যতি ।
অহং খাদামি । ত্বং খাদসি । সঃ খাদতি ।
অহং গচ্ছামি । ত্বং গচ্ছসি । সঃ গচ্ছতি ।
অহং বদামি । ত্বং বদসি । সঃ বদতি ।

এই পাঠে নিম্নলিখিত শব্দগুলো গুলো মনে রাখবেন —

তত্র = সেখানে

কুত্র = কোথায়

যত্র = যেখানে

অত্র = এখানে

এই শব্দগুলো ব্যবহার করে আপনি এখন নতুন নতুন শব্দ নিজেই তৈরি করতে পারবেন। নিজে নিজেই চেষ্টা করতে থাকুন।

পাঠ — ২

এখন নিম্নলিখিত বাক্যাংশগুলো মনোযোগ সহকারে দেখুন —

ত্বং কুত্র পঠসি = তুমি কোথায় পড়ো?

অহং তত্র পাঠামি = আমি সেখানে পড়ি।

সঃ অত্র পঠতি = তিনি / সে এখানে পড়ে।

সঃ যত্র পঠতি = তিনি / সে যেখানে পড়ে।

তত্র অহং পঠামি = সেখানে আমি পড়ি।

এই প্রকারে নিম্নলিখিত বাক্যগুলোও হয় —

অহং অত্র পশ্যামি। ত্বং কুত্র পশ্যসি ? সঃ তত্র পশ্যতি।

যত্র সঃ পশ্যতি তত্র অহং গচ্ছামি। সঃ তত্র খাদতি।
ত্বং কুত্র খাদসি। যত্র সঃ গচ্ছতি তত্র অহং গচ্ছামি।

এখন নিম্নলিখিত শব্দগুলো স্মরণে রাখুন —

ন = না
নহি = না
কিং = কী / কি / কেন
কঃ = কে

এখন এই শব্দগুলো ব্যবহার করে আপনারা নতুন নতুন শব্দ তৈরি করতে পারবেন। যেমন —

কঃ বদতি ? = কে বলে ?
সঃ কিং বদতি ? = সে / তিনি কী বলে ?
সঃ তত্র কিং বদতি ? = সে / তিনি সেখানে কী বলে ?
সঃ তত্র ন বদতি। = সে / তিনি সেখানে বলে না।
ত্বং তত্র কিং খাদসি? = তুমি সেখানে কি খাও ?
অহং ন বদামি। = আমি বলি না।
সঃ ন গচ্ছতি = সে / তিনি যায় না
ত্বং ন পশ্যসি। = তুমি দেখ না।

এখন অনায়াসে আপনি নিম্নলিখিত বাক্যগুলো বুঝতে পারবেন —

অহং তত্র ন পশ্যামি। সঃ অত্র পশ্যতি। ত্বং তত্র কিং পশ্যসি ? সঃ তত্র ন গচ্ছতি।
ত্বং কুত্র গচ্ছসি অহং তত্র গচ্ছামি। যত্র সঃ গচ্ছতি তত্র অহং গচ্ছামি।
যত্র যত্র সঃ পশ্যতি তত্র তত্র সঃ গচ্ছতি। যত্র যত্র ত্বং গচ্ছসি তত্র তত্র অহং গচ্ছামি।
যত্র অহং পশ্যামি তত্র ত্বং কিং ন পশ্যসি ? যত্র সঃ পশ্যতি তত্র অহং পশ্যামি।

দেখুন, সামান্য প্রয়াস করায় আপনি কতগুলো শব্দ বলতে পারেন। এখন নিম্নলিখিত শব্দগুলো স্মরণে রাখুন —

যদা = যখন

সদা = সর্বদা

কদা = কখন

নৈব = না, কখনো না / অবশ্যই না

তদা = তখন

ইদানীং = এখন

পাঠ — ৩

এখন নিম্নলিখিত বাক্যগুলো মনোযোগ সহকারে পড়ুন এবং মনে রাখার চেষ্টা করুন —

কিং ন গচ্ছসি ?	— (তুমি) কেন যাও না ?
যদা সঃ তত্র গচ্ছতি	— যখন সে সেখানে যায়।
তদা অহং তত্র গচ্ছামি	— তখন আমি সেখানে যাই।
কদা সঃ তত্র গচ্ছতি ?	— কখন সে সেখানে যায় ?
যদা ত্বং তত্র গচ্ছসি	— যখন তুমি সেখানে যাও।

এই ভাবে একই নিয়মে আপনিও অনেক বাক্য তৈরি করতে পারবেন। এভাবে নতুন বাক্য তৈরি করে খাতায় লিখবেন, তাহলে ভালো স্মরণে থাকবে। এখন নিম্নলিখিত বাক্যগুলো পড়ে আপনি সহজেই তা বুঝতে পারবেন।

সঃ সদা পঠতি। ত্বং সদা কিং ন পঠসি ?
যদা সঃ পঠতি তদা ত্বং কিং বদসি ?
কঃ তত্র গচ্ছতি ? সঃ তত্র ন গচ্ছতি।
যদা ত্বং তত্র পশ্যসি তদা সঃ অত্র বদতি।
যদা ত্বং তত্র খাদসি তদা অহং অত্র খাদামি।

★ *"**সঃ**"* = "[সে/তিনি]" এর স্থানে প্রয়োজনীয় নাম রাখলেও একই প্রকারের বাক্য হবে —

রামঃ = রাম ***সূর্যঃ*** = সূর্য

কৃষ্ণঃ = কৃষ্ণ ***বায়ুঃ*** = বায়ু

হরিশ্চন্দ্রঃ = হরিশ্চন্দ্র ***সোমঃ*** = সোম

রামঃ গচ্ছতি	— রাম যায়।
কৃষ্ণঃ বদতি	— কৃষ্ণ বলে।
হরিশ্চন্দ্রঃ পঠতি	— হরিশ্চন্দ্র পড়ে।
সোমঃ ন গচ্ছতি	— সোম যায় না।
রামঃ কিং ন পঠতি ?	— রাম কেন পড়ে না ?
কৃষ্ণঃ তত্র ন পশ্যতি	— কৃষ্ণ সেখানে দেখে না।

এই প্রকার নিম্নলিখিত বাক্য খুব সহজেই হতে পারে —

কৃষ্ণঃ ন গচ্ছতি। রামঃ ন বদতি। সোমঃ গচ্ছতি। বায়ুঃ সদা গচ্ছতি। কৃষ্ণঃ কিং ন বদতি ? জয়চন্দ্রঃ কিং ন পশ্যতি ? সর্বমিত্রঃ ন খাদতি। সঃ তত্র কিং ন খাদতি। যদা রামঃ অত্র পঠতি তদা সঃ তত্র খাদতি। যদা কৃষ্ণঃ তত্র গচ্ছতি। তদা সঃ নৈব পঠতি।

এখন নিম্নলিখিত শব্দগুলো স্মরণে রাখুন —

আগচ্ছামি	— (আমি) আসছি।
আগচ্ছসি	— (তুমি) আসো।
আগচ্ছতি	— (সে/তিনি) আসে।

এগুলো ব্যবহার করে নিম্নলিখিত বাক্যগুলো হয় —

অহং আগচ্ছামি। ত্বং আগচ্ছসি। সঃ আগচ্ছতি। অহং ন আগচ্ছামি। ত্বং ন আগচ্ছসি। সঃ ন আগচ্ছতি। ত্বং তত্র কিং ন আগচ্ছসি ?

পাঠ — ৪

এখন এই শব্দগুলো মুখস্থ করুন —

কিমপি	= কিছুই / কিছু।	*হ্যঃ*	= কাল (গতকাল)।
ইদানীং	= এখন।	*শ্বঃ*	= কাল (আগামীকাল)।
অধুনা	= এখন।	*পরশ্বঃ*	= পরশু।
অদ্য	= আজ।	*নিরন্তরং*	= নিরন্তর।
কথং	= কীভাবে।		

এই শব্দগুলো ব্যবহার করে আপনি বাক্য বলতে পারেন —

সঃ কিমপি ন বদতি।	— সে কিছুই বলে না।
রামঃ কিমপি ন পঠতি।	— রাম কিছুই পড়ে না।
অদ্য কৃষ্ণঃ তত্র পঠতি।	— আজ কৃষ্ণ সেখানে পড়ে।
অধুনা অহং পঠামি।	— এখন আমি পড়ি।
ইদানীং ত্বং পঠসি।	— এখন তুমি পড়।
কথং সঃ কিমপি ন পঠতি ?	— কিভাবে সে কিছুই পড়ে না ?

এখন আপনার যোগ্যতা এতটুকু হয়ে গেছে যে, আপনি বিনা পরিশ্রমেই নিম্নের বাক্যগুলো পড়তে এবং বুঝতে পারবেন —

রামঃ ইদানীং অত্র গচ্ছতি। শ্রীকৃষ্ণঃ অধুনা অত্র পঠতি। রামঃ ইদানীং নৈব গচ্ছতি। ত্বং কিমপি কিং ন পঠসি ? সঃ কদা পঠতি ? ত্বং কিমপি কিং ন খাদসি ? সঃ কদা পঠতি ? ত্বং কিমপি কিং ন খাদসি ? বিশ্বামিত্রঃ অদ্য তত্র পঠতি। যদা পঠতি তদা ত্বং কুত্র গচ্ছসি ? যদা সঃ তত্র পঠতি তদা অহং তত্র নৈব গচ্ছামি। কিং ত্বং তত্র ন গচ্ছসি ? অদ্য অহং তত্র নৈব গচ্ছামি। সঃ সদা কিমপি খাদতি ? কথং সঃ সদা খাদতি ? যদা সঃ তত্র কিমপি খাদতি তদা ত্বং কিমপি কিং ন বদসি ? অহং তদা তত্র নৈব গচ্ছামি। ত্বং অধুনা বদসি। সঃ ইদানীং পশ্যতি।

সঃ কিং পশ্যতি ? সঃ সদা তত্র নৈব গচ্ছতি। কদা ত্বং তত্র পশ্যসি ? যদা সঃ রামঃ তত্র গচ্ছতি। ত্বং তত্র আগচ্ছসি কিং ? কিং সঃ তত্র ন আগচ্ছতি।

সন্ধি

সংস্কৃততে দুইটি শব্দ পরস্পর নিকটে আসায় প্রথম শব্দের অন্তিম বর্ণ এবং দ্বিতীয় শব্দের প্রথম বর্ণ একে-অপরের সাথে বিশেষ নিয়মে একত্রিত হয়ে যায়। এর নাম "সন্ধি"। এখন পর্যন্ত সন্ধি না করেই পূর্ব পাঠে বাক্য করেছি। এখন এই পাঠে সেই বাক্যগুলো সন্ধি করে বলবো। সন্ধি এই প্রকারে হয় —

সন্ধি বিহীন বাক্য	সন্ধিযুক্ত বাক্য
বদামি + অহম্ ***সঃ + বদতি*** ***তত্র + অহং পঠামি***	***বদাম্যহম্*** ***স বদতি*** ***তত্রাহং পঠামি***

এই প্রকারে সন্ধির নিয়মে চলতে থাকবে। কিন্তু এখানে সন্ধির সাথে ভালোভাবে পরিচিত হবার জন্য আমরা পূর্বের পাঠের বাক্যগুলো যেখানে সন্ধি ছিল কিন্তু সন্ধি করা হয়নি, সেগুলো এখন এখানে সন্ধিযুক্ত ভাবে লিখছি।

সংস্কৃত-বাচন-পাঠঃ

স পঠতি। স পশ্যতি। স খাদতি। স গচ্ছতি। স বদতি। অহং তত্র পঠামি। ত্বং কুত্র পঠসি ? সোঽত্র পঠতি। স যত্র পঠতি তত্রাহং পঠামি। অহমত্র পশ্যামি। স তত্র খাদতি। যত্র স পশ্যতি তত্রাহং গচ্ছামি। স তত্র খাদতি। ত্বং কুত্র খাদসি ? যত্র স গচ্ছতি তত্রাহং গচ্ছামি। কো বদতি ? স কিং বদতি ? স তত্র কিং বদতি ? স তত্র ন বদতি। ত্বং তত্র কিং বদতি ? স তত্র ন বদতি। ত্বং তত্র কিং খাদসি ? অহং ন বদামি। স ন গচ্ছতি। ত্বং ন পশ্যসি।

এই সন্ধিবাক্যের তুলনা প্রথম এবং দ্বিতীয় পাঠের সাথে করুন। তাহলে আপনি জানতে পারবেন কোথায় কোথায় সন্ধি হয়েছে, আর কোথায় কোথায় সন্ধি হয় নি।

পাঠ — ৫

সংস্কৃত-তে নামের বিবিধ বিভক্তির যে বিভিন্ন রূপ রয়েছে, তা এখন দেখুন —

১. ***দেবঃ*** — দেব।
হে দেব — হে দেব।
২. ***দেবং*** — দেবকে, দেবের প্রতি।
৩. ***দেবেন*** — দেবজী / দেব।
৪. ***দেবায়*** — দেবের জন্য।
৫. ***দেবাৎ*** — দেব থেকে / দেবের কাছ থেকে।
৬. ***দেবস্য*** — দেবের।
৭. ***দেবে*** — দেবের ভেতর / দেবের মধ্যে।

এই প্রকার অ-কার অন্তযুক্ত পুংলিঙ্গ শব্দের রূপ হয়ে থাকে।

দেব, কৃষ্ণ, রাম, ধনঞ্জয় আদি শব্দ অ-কার অন্তযুক্ত অর্থাৎ এদের শেষে "অ" রয়েছে। যেমনঃ রাম = র্ + আ + ম্ + অ। এরূপে পাঠকগণ জানতে পারবে কিভাবে শব্দের শেষে অ-কার থাকে। এই প্রকার দেব, কৃষ্ণ, ধনঞ্জয় আদি শব্দে শেষে অ-কার রয়েছে। পাঠকদের কিছু শব্দের অন্তের পরিচয় এখানে দেওয়া প্রয়োজন, এইজন্য নিম্নলিখিত শব্দগুলো দেওয়া হলো —

অকারান্ত শব্দ — দেব, সূর্য, সোম **(অ)**
আকারান্ত শব্দ — বিশ্বপা, শঙ্খধ্মা **(আ)**
ইকারান্ত শব্দ — হরি, রবি, কবি **(ই)**
ঈকারান্ত শব্দ — নদী, দাসী, শ্রী **(ঈ)**
উকারান্ত শব্দ — বিষ্ণু, ভানু, সূনু **(উ)**
ঋকারান্ত শব্দ — পিতৃ, মাতৃ, ভ্রাতৃ **(ঋ)**

এই প্রকার শব্দের শেষের স্বর চিনতে হবে। এর ব্যবহার অনেক রয়েছে এইজন্য পাঠকগণ এই স্বরকে সঠিকরূপে জানবেন, অস্তু। এখানে অকারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ বলা হয়েছে এবং পুনরায় অন্য একটি শব্দের রূপ বলা হলো —

১. ***সোমঃ*** — সোম।
হে সোম — হে সোম।
৪. ***সোমায়*** — সোমের জন্য।
৫. ***সোমাৎ*** — সোম থেকে / সোমের কাছ থেকে।

২. ***সোমং*** — সোমকে, সোমের প্রতি। ৬. ***সোমস্য*** — সোমের।
৩. ***সোমেন*** — সোমজী / সোম। ৭. ***সোমে*** — সোমের ভেতর / সোমের মধ্যে।

পাঠকদের মনে এখন এই রূপগুলো সঠিক রূপে এসে গেছে আশা করি। এই প্রকার অকারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ পাঠকগণ করুন। অকারান্ত পুংলিঙ্গ শব্দ এগুলো —

দেবঃ = দেবতা।	***ভূপঃ*** = রাজা।	***নরঃ*** = মনুষ্য।
পুরুষঃ = পুরুষ।	***জনঃ*** = মনুষ্য।	***শব্দঃ*** = শব্দ।
বর্ণঃ = রঙ।	***কৃষ্ণঃ*** = কালো।	***মনুষ্যঃ*** = মনুষ্য।
হস্তঃ = হাত।	***করঃ*** = হাত।	***পাদঃ*** = পা।
গল্লঃ = গাল।	***স্কন্ধঃ*** = স্কন্ধ।	***দন্তঃ*** = দাঁত।
ওষ্ঠঃ = ঠোঁট।	***কেশঃ*** = কেশ / চুল।	***কর্ণঃ*** = কান।

আপনি এখন এই শব্দগুলোর প্রয়োগ করতে পারবেন। দেখুন —

ভূপঃ বদতি = রাজা বলে। ***জনঃ পঠতি*** = মনুষ্য পড়ে। ***নরঃ গচ্ছতি*** = মনুষ্য যায়।

পাঠ — ৬

কিছু শব্দের অর্থ জেনে নিন —

ফলস্য = ফলের; ***ভূপস্য*** = রাজার;
মনুষ্যস্য = মনুষ্যের; ***কৃষ্ণস্য*** = কৃষ্ণের;

হে পুরুষ ! ত্বং তত্র গচ্ছসি কিং ? হে রাম ! স পুরুষঃ তত্র পঠতি। হে নরঃ ! ত্বং ফলস্য [ফলের] ***বর্ণং পশ্যসি কিং ? ভূপস্য*** [রাজার] ***হস্তঃ। স শব্দং বদতি। মনুষ্যস্য*** [মনুষ্যের] ***স্কন্ধে কেশঃ। কৃষ্ণস্য*** [কৃষ্ণের] ***বর্ণঃ কৃষ্ণঃ। রামস্য বর্ণঃ ন কৃষ্ণঃ। পুরুষঃ ভূপং*** [রাজাকে] ***পশ্যসি।***

এখন নিম্নলিখিত বাক্যগুলো সংস্কৃততে রূপান্তর করুন —

রাজার হাত। মনুষ্যের শব্দ। সোমের বর্ণ। সে সেখানে যায়।
সেই মনুষ্য সেখানে যায় না। তুমি সেখানে কেন যাও না ?
সোম সেখানে কেন যায় না। কৃষ্ণ সেখানে সর্বদা যায়।
রামচন্দ্রের হাত। রাজার দাঁত। রাজা সেখানে খায়।
আমি এখানে খাই। সে সেখানে যায় ? আমি সেখানে পড়ি।
তুমি সেখানে বলো। রাজা মনুষ্যকে দেখে। আমি রাজাকে দেখি।

নিম্নক্ত শব্দগুলো স্মরণে রাখুন —

অস্তি	= (সে / তিনি) আছে।	***আগচ্ছতি***	= (সে / তিনি) আসে।
অসি	= (তুমি) আছো।	***আগচ্ছসি***	= (তুমি) আসো।
অস্মি	= (আমি) আছি।	***আগচ্ছামি***	= (আমি) আসি।
ভবতি	= (সে / তিনি) হয়।	***পততি***	= (সে / তিনি) পরে।
ভবসি	= (তুমি) হও।	***পতসি***	= (তুমি) পরো।
ভবামি	= (আমি) হই।	***পতামি***	= (আমি) পরি।

এই সব ক্রিয়াপদের ব্যবহার করে এখন নতুন নতুন শব্দ তৈরি করুন —

সঃ অস্তি	— সে আছে।
সঃ তত্র ন অস্তি	— সে সেখানে নেই।
অহং অত্র অস্মি	— আমি এখানে আছি।
অত্র অহং অস্মি	— এখানে আমি আছি।
মনুষ্যঃ রাজা ভবতি	— মনুষ্য রাজা হয়।
রাজা মনুষ্যঃ ভবতি	— রাজা মনুষ্য হয়।
নরঃ অত্র আগচ্ছতি	— মনুষ্য এখানে আসে।
ভূপঃ সদা তত্র ন ভবতি	— রাজা সর্বদা সেখানে হয় না [থাকে না]।

অহং অধুনা তত্র ন আগচ্ছামি — আমি এখন সেখানে আসি না।
স পুরুষঃ সদা কিং পততি — সেই পুরুষ সর্বদা কেন পরে ?
কিং ত্বং পুরুষস্য স্কন্ধং পশ্যসি — কেন তুমি পুরুষের স্কন্ধ দেখ ?
কিং স কৃষ্ণস্য দন্তং ন পশ্যতি — সে কি কৃষ্ণের দাঁত দেখে না ?
ইদানীং ভূপস্য হস্তাৎ কেশঃ পততি — এখন রাজার হাত থেকে চুল পরে।
স পুরুষঃ কুত্র অস্তি — সেই পুরুষ কোথায় আছে ?
ইদানীং স পুরুষঃ তত্র নাস্তি — এখন সেই পুরুষ সেখানে নেই।
ভূপঃ ইদানীং কুত্র গতঃ — রাজা এখন কোথায় গেছে ?
অহং অস্মি ভূপঃ — আমি রাজা।
স ভূপঃ নাস্তি — সে রাজা নয়।

এখন আপনি নিম্ন বাক্যগুলো অনায়াসে বুঝতে পারবেন —

অহং ইদানীং ন পঠামি। স সদা তত্র পশ্যতি। ত্বং ইদানীং কিং খাদসি ? অহং ন কিমপি বদামি। রামঃ যত্র গচ্ছতি তত্র সোমঃ সদা আগচ্ছতি। কঃ পুরুষঃ ভূপং পশ্যতি ? ইদানীং স পুরুষঃ ভূপং পশ্যতি। কদা ত্বং তত্র গচ্ছসি ? যদা স নরঃ তত্র ন গচ্ছতি তদা ত্বং অত্র আগচ্ছ। রামঃ রাজা অস্তি। কৃষ্ণঃ তদানীং রামং বদতি। সোমঃ ইদানীং কুত্র অস্তি। যত্র হস্তঃ পততি তত্র কেশঃ ন অস্তি। যত্র রামঃ পশ্যতি তত্র স পুরুষঃ ন অস্তি। যদা ত্বং আগচ্ছসি তদা গৃহং গচ্ছামি। ত্বং কিং কিমপি ন বদসি ? স ইদানীং কিমপি ন পঠতি। যথা কৃষ্ণঃ পঠতি তথা রামঃ পঠতি। যথা অহং গচ্ছামি তথা ত্বং কিং ন গচ্ছসি ?

পাঠ — ৭

এখন নিম্নলিখিত বাংলা বাক্যসমূহকে সংস্কৃত বাক্যে রূপান্তর করুন —

আমি যাই। আমি এখনি যাই। আমি আজ না যাই। আমি আজ সেখানে না যাই। তুমি সেখানে আজ যাও। তুমি কি আজ সেখানে যাবে ? তুমি আজ সেখানে কেন যাবে না ? এখন তুমি এখানে আসবে ? না, আমি আজ সেখানে যাব না।

নিম্নলিখিত বাক্যসমূহকে সংস্কৃত থেকে বাংলায় রূপান্তর করুন —

অহং গচ্ছামি। অহং অদ্য গচ্ছামি। অহং অদ্য ন গচ্ছামি। অহং অদ্য তত্র ন গচ্ছামি। ত্বং অদ্য তত্র গচ্ছসি। কিং ত্বং অদ্য তত্র গচ্ছসি ? ত্বং অদ্য তত্র কিং ন গচ্ছসি ? অধুনা ত্বং অত্র আগচ্ছসি ? নহি, অহং অদ্য তত্র ন আগচ্ছামি।

দেবঃ কুত্র অস্তি ? ভূপঃ তত্র ন অস্তি। কেশস্য কিং বর্ণঃ ? কেশস্য কৃষ্ণঃ বর্ণঃ। দন্তস্য বর্ণঃ কিং ? ওষ্ঠস্য বর্ণঃ কিং ? হস্তস্য কিং বর্ণঃ ? অত্র পুরুষঃ অস্তি কিং ? স অত্র অস্তি।

এখন নিম্নলিখিত বাক্য পড়ুন —

১. *অহং নৈব গচ্ছামি।* ২. *ত্বমদ্য কুত্র গচ্ছসি ?*

৩. *সোঽদ্যাত্রাঽগচ্ছতি।* ৪. *ত্বং তত্রাঽদ্য গচ্ছসি।*

সন্ধিযুক্ত করে বাক্য

কৃষ্ণো ন গচ্ছতি। রামো ন বদতি। সোমো গচ্ছতি। বায়ুঃ সদা গচ্ছতি। কৃষ্ণঃ কিং ন বদতি ? জয়শ্চন্দ্রঃ কিং ন পশ্যতি ? সর্বমিত্রো ন খাদতি। স তত্র কিং ন খাদতি ? যদা রামোঽত্র পঠতি তদা স তত্র খাদতি। যদা কৃষ্ণস্তত্র গচ্ছতি তদা স নৈব পঠতি।

যদি কঠিন মনে হয় তাহলে (পাঠ-৩) মধ্যে অবস্থিত বাক্যগুলো দেখুন।

অ-কারান্ত পুংলিঙ্গ নাম সমূহের রূপ করতে পাঠক এখন জানেন। অ-কারন্ত নপুংসক লিঙ্গ নাম সমূহের রূপও প্রথম এবং দ্বিতীয় বাদে শেষ বিভক্তি সমূহ পূর্বের মতো হয়ে থাকে —

১. ***পুস্তকং*** = পুস্তক
হে পুস্তক = হে পুস্তক
২. ***পুস্তকং*** = পুস্তককে / পুস্তকের প্রতি
৩. ***পুস্তকেন*** = পুস্তক
৪. ***পুস্তকায়*** = পুস্তকের জন্য
৫. ***পুস্তকাৎ*** = পুস্তক থেকে / পুস্তক দ্বারা
৬. ***পুস্তকস্য*** = পুস্তকের
৭. ***পুস্তকে*** = পুস্তকে / পুস্তকের মধ্যে

পাঠক ভালোভাবে দেখে নিনি, এখানে প্রথম এবং দ্বিতীয় কিংবা কেবল প্রথমটি ব্যাতিত বাকী সব শেষরূপ পুংলিঙ্গের মতো। যদি পাঠকগণ প্রত্যেক নিয়ম আয়ত্তে রাখে তো পুংলিঙ্গ এবং নপুংসক লিঙ্গ অ-কান্তর নাম সমূহের রূপ তৈরি করা তাঁদের জন্য অনেক সহজ হবে।

পাঠ — ৮

এখন এখানে কিছু নপুংসক লিঙ্গ অ-কারন্ত শব্দ দিচ্ছি —

নয়নং	= চোখ	***পাত্রং***	= পাত্র, আসবাব
নেত্রং	= চোখ	***জলং***	= জল
উদরং	= পেট	***সলিলং***	= জল
নখং	= নখ	***অম্বরং***	= আকাশ
ললাটং	= গলা	***কমলং***	= পদ্ম
বস্ত্রং	= বস্ত্র/কাপড়;	***পুষ্পং***	= ফুল
ভূষণং	= গহনা	***ফলং***	= ফল
নগরং	= শহর	***পুস্তকং***	= বই
পত্রং	= পান/পাতা	***দ্বারং***	= দরজা
বনং	= বন	***গৃহং***	= ঘর

এগুলো অ-কারান্ত নপুংসক লিঙ্গী শব্দ। এদের রূপ পূর্ববৎ হয়। এগুলোর রূপ আপনি বা আপনারা সুগমতার সহিত তৈরি করতে পারবেন, দেখুন এগুলো দ্বারা কীভাবে বাক্য তৈরি করা হয় —

১. ***সঃ রামস্য নয়নং পশ্যতি।*** = সে রামের চোখ দেখে ।
২. ***রামঃ কৃষ্ণস্য বস্ত্রং ন পশ্যতি।*** = রাম কৃষ্ণের বস্ত্র দেখে না।
৩. ***দেবদত্তঃ ভূপস্য নগরং ন গচ্ছতি।*** = দেবদত্ত রাজার শহরে যায় না।
৪. ***সোমঃ ফলং খাদতি।*** = সোম ফল খায়।
৫. ***স ইদানীং ফলং কিং ন খাদতি ?*** = সে এখন ফল কেন খায় না ?
৬. ***সঃ অধুনা পুস্তকং পঠতি।*** = সে এখন বই পড়ে।

এখন আপনি পূর্বের সবকিছু নিম্নলিখিত বাক্য পড়তেই বুঝতে পারবেন এবং নিজেই এভাবে নিয়মিত চর্চা করতে পারবেন —

হরিশ্চন্দ্রস্য ভূষণং কুত্র অস্তি ? ত্বং ফলং কিমপি কিং খাদসি ? যত্র স পঠতি তত্র রামচন্দ্রস্য পুস্তকং অস্তি কিম্ ? যত্র ভরদ্বাজঃ পঠতি তত্র রামচন্দ্রস্য পুস্তকং ন অস্তি। ভূপস্য নগরং কুত্র অস্তি ? কৃষ্ণস্য পাত্রে জলং ন অস্তি। পাত্রং কুত্র অস্তি ? পাত্রং অত্র অস্তি। সঃ নগরাৎ নগরং গচ্ছতি। জলে কমলং অস্তি। সলিলে কমলং ন অস্তি। দ্বারং কুত্র অস্তি ? গৃহস্য দ্বারং অত্র অস্তি। বনে সলিলং ন অস্তি। যত্র জলং ন অস্তি, তত্র স কিং ন গচ্ছতি ? ত্বং অত্র কিং ন আগচ্ছসি, অহং ন পতামি।

নিম্নলিখিত বাংলা বাক্যসমূহ সংস্কৃত বাক্যে রূপান্তর করুন —

ঘরের দরজা এখানে রয়েছে। রামচন্দ্রের বস্ত্র কোথায় ? জলে পদ্ম কেন নেই ? কৃষ্ণের অলঙ্কার কোথায় ? দেবদত্তের বই এখানে নেই। রাজার শহর কোথায় ? সে নগর থেকে আসে। সে ফল খায়। তুমি ফল কেন খাও না।

পাঠ — ৯

সংস্কৃত বাক্যে নিম্ন প্রকারে সংযোগ হয়। এগুলো স্মরণ রাখা আবশ্যক —

ন + অস্তি = নাস্তি (নেই)
ন + এব = নৈব (অবশ্যই নয়)
কিং + অস্তি = কিমস্তি (কী আছে / কী হয়েছে?)
অহং + অস্মি = অহমস্মি (আমি হই / আছি)
কিং + অপি = কিমপি (কিছুই)

এগুলোর ব্যবহার নিম্নরূপ —

১. ***স তত্র নাস্তি*** = সে সেখানে নেই।

২. ***তত্র পুস্তকং নৈব অস্তি*** = সেখানে বই অবশ্যই নেই।
৩. ***তত্র কিমপি নাস্তি*** = সেখানে কিছুই নেই।
৪. ***অত্র অহমস্মি*** = এখানে আমি আছি।
৫. ***ত্বং কিং কিমপি ন পঠসি*** = তুমি কেন কিছুই পড় না ?
৬. ***ভূপস্য নগরে ভূপঃ অস্তি*** = রাজার নগরে রাজা রয়েছে।
৭. ***কিং ত্বং নগরাৎ আগচ্ছসি*** = তুমি কি নগর থেকে আসো ?
৮. ***নহি, অহং বনাৎ আগচ্ছামি*** = না, আমি বন থেকে আসছি।
৯. ***বনে কিমস্তি*** = বনে কী আছে ?
১০. ***বনে সলিলং অস্তি*** = বনে জল রয়েছে।
১১. ***জলে কমলং নাস্তি*** = জলে পদ্ম নেই।
১২. ***পুস্তকে পত্রং অস্তি কিং*** = বইয়ে পৃষ্ঠা আছে কি ?
১৩. ***দেবদত্তস্য পুস্তকে পত্রং নাস্তি*** = দেবদত্তের বইয়ে পৃষ্ঠা নেই।

সন্ধি

পাঠকগণ, সন্ধির সাথে আপনাদের সামান্য পরিচয় হয়েছে। বিশেষ রূপে পরিচিত হওয়ার জন্য (পাঠ ৬) এর কিছু বাক্য এখানে সন্ধি করে দেওয়া হলো।

অহমিদানীং ন পঠামি। স সদা তত্র পশ্যতি। ত্বমিদানীং কিং খাদসি ? অহং ন কিমপি বদামি। রামো য়ত্র গচ্ছতি, তত্র সোমঃ সদাঽগচ্ছতি। কঃ পুরুষো ভূপং পশ্যতি ? ইদানীং স পুরুষো ভূপং পশ্যতি। কদা ত্বং গচ্ছসি ? যদা স নরস্তত্র ন গচ্ছতি তদা ত্বং অত্রাঽগচ্ছ। রামো রাজাঽস্তি। কৃষ্ণস্তদানীং রামং বদতি। সোম ইদানীং কুত্রাস্তি। যত্র যত্র হস্তঃ পততি তত্র তত্র কেশো নাস্তি। যদা ত্বমাগচ্ছসি তদাঽহং গচ্ছামি। ত্বং কিং কিমপি ন বদসি ? স ইদানীং কিমপি ন পঠতি। যথা কৃষ্ণঃ পঠতি তথা রামঃ পঠতি। যথাঽহং গচ্ছামি তথা ত্বং কিং ন গচ্ছসি ?

পাঠকগণ এখানে ভালোভাবে লক্ষ্য করুন, কোথায় কোথায় সন্ধি হয়েছে এবং কোথায় হয়নি তথা কীভাবে হয়েছে।

পাঠ — ১০

প্রত্যেক ভাষায় গুণবাচক শব্দ থাকে। সেই শব্দকে **"বিশেষণ"** বলে। যেমন **'কালো কাপড়'** এখানে **'কালো'** হলো বিশেষণ। এই প্রকার সংস্কৃত-তে অনেক বিশেষণ রয়েছে এবং সেগুলোর ব্যবহার বাক্যে করা আবশ্যক। বিশেষণের ব্যবহার এই পাঠে বলা হবে, এইজন্য এখানে সামান্য বিশেষণ দেওয়া হলো —

বিশেষণ

শ্বেত = সাদা
পীত = হলুদ
শুভ্র = শ্বেত / সাদা
বাচাল = বহু বচনকারী
বিশাল = বড়
বলিষ্ঠ = বলবান
নবীন = নতুন
বিজ্ঞ = জ্ঞানী
মূঢ = মূর্খ
কৃষ্ণ = কালো
হরিত = সবুজ
অন্ধ = অন্ধ
ধীর = ধৈর্যবান
শোভন = উত্তম
কৃপণ = কৃপণ
হ্রস্ব = ছোট
পুরাণ = পুরাতন
কোমল = কোমল, নরম
রক্ত = লাল
নীল = নীল
বধির = বোবা
বরি = শূরবীর
দীর্ঘ = লম্বা
উদার = উদার, দাতা
ধনাঢ্য = ধনী

বিশেষণের রূপ বিশেষ্যের সমানই হয়। বিশেষণ দ্বারা যার গুণ বড়ণন করা হয় তাকে বিশেষ্য বলে। এখানে বিশেষণের ব্যবহারের রীতি দেখুন —

শ্বেতঃ অশ্বঃ = সাদা ঘোড়া । ***শ্বেতং কমলং*** = সাদা পদ্ম

অশ্ব শব্দ অ-কারান্ত পুংলিঙ্গ হওয়ায় ***"অশ্ব"*** শব্দের সমান ***"শ্বেত"*** শব্দের রূপে হয়েছে। সেই প্রকার ***"কমল"*** শব্দ নপুংসক হওয়ার কারণে অপর বাক্যে শ্বেত শব্দের রূপ কমল শব্দের রূপের সমান হয়েছে। এর থেকে জ্ঞাত হওয়া যায় যে, কোন রূপে বিশেষণ বিশেষ্যের সহিত সংযুক্ত হয়ে চলে। এখন আপনি নিম্নলিখিত বাক্য দেখুন, তাহলে বিশেষ্য এবং বিশেষণের নিয়ম আপনার আয়ত্তে এসে যাবে —

শোভনং বনং। *বিশালং উতরং।* *নবীনং কমলং।*
পুরাণং বস্ত্রং। *শুভ্রং পুষ্পং।* *নীলং কমলং।*
রক্তং বস্ত্রং। *হরিতং বনং।* *শোভনং পুস্তকং।*
পীতং পুষ্পং। *শোভনং জলং।* *পীতং বস্ত্রং।*

এগুলো নপুংসক লিঙ্গ বিশেষ্য এবং তাদের সাথে বিশেষণ। এখন পুংলিঙ্গ বিশেষ্য এবং তাদের সাথে বিশেষণের রূপ দেখুন —

শোভনঃ পুরুষঃ। *বিশালঃ কর্ণঃ।* *নবীনঃ বালকঃ।*
পুরাণঃ পুরুষঃ। *শুভ্রঃ বর্ণঃ।* *নীলঃ বর্ণঃ।*
রক্তঃ বর্ণঃ। *হরিতঃ বৃক্ষঃ।* *শোভনঃ গল্পঃ।*
বলিষ্ঠঃ পুরুষঃ। *ধীরঃ পুরুষঃ।* *বাচালঃ মনুষ্যঃ।*

এই বিশেষ্য পুংলিঙ্গ হওয়ায় বিশেষণও সেই প্রকারে হয়ে গেছে। এই কথাই পাঠক নিম্নলিখিত বাক্যে দেখতে পারবেন —

১. *শোভনস্য নগরস্য বিশালং দ্বারম্* = উত্তম নগরের বড় দরজা।
২. *ধনাঢ্যস্য পুরুষস্য রক্তং বস্ত্রম্* = ধনী মনুষ্যের লাল কাপড়।
৩. *শোভনে জলে নবীনং কমলম্* = উত্তম জলে নতুন পদ্ম।

এই বাক্য সমূহে পাঠকগণ দেখতে পারেন যে, বিশেষ্যের রূপের সমানই বিশেষণের রূপ হয়। সংস্কৃত ভাষার এই বিশেষতা পাঠক অবশ্যই মনে রাখবেন।

সন্ধি

পাঠকগণ এখন সন্ধির সাথে ভালো ভাবে পরিচিত হয়েছেন, এখন আপনারাই সন্ধি তৈরি করে নিম্নলিখিত বাক্য লিখুন। এই বাক্য পড়ার মাধ্যমে পাঠকগণ জানতে পারবেন যে, কোথায় কোন প্রকার সন্ধি হয়েছে —

সংস্কৃত-বাচন-পাঠঃ

অহং বদামি। ত্বং বদসি। স বদতি। বদাম্যহম্। বদসি ত্বম্। বদতি সঃ। অহং পঠামি। পঠাম্যহম্। অহং পশ্যামি । পশ্যাম্যহম্। অহং খাদামি। খাদাম্যহম্। অহং গচ্ছামি। গচ্ছাম্যহম্। স

গচ্ছতি। স বদতি। স খাদতি। স পশ্যতি। স পঠতি। তত্রাহং পঠামি। ত্বং কুত্র পঠসি ? সোঽত্র পঠতি। স যত্র পঠতি, তত্রাহং পঠামি। অহমত্র পশ্যামি। ত্বং কুত্র পশ্যসি ? স তত্র পশ্যতি।

পাঠ — ১১

পাঠকগণ আপনারা এখন কিছু সংস্কৃত বাক্য পড়ুন —

১. ***রামচন্দ্রস্য নবীনং গৃহং শোভনং অস্তি*** = রামচন্দ্রের নতুন ঘর সুন্দর আছে।

২. ***শ্রীকৃষ্ণস্য পুরাণং নগরং কুত্র অস্তি*** = শ্রীকৃষ্ণের পুরাতন শহর কোথায় ?

৩. ***বিজ্ঞস্য পুরুষস্য শোভনং পুস্তকং অত্র নাস্তি*** = জ্ঞানী মনুষ্যের উত্তম উত্তম বই এখানে নেই।

৪. ***ত্বং বিশালং বনং ইদানীং গচ্ছসি কিম্*** = তুমি বিশাল বনের দিকে এখন যাচ্ছো কি ?

৫. ***নহি; ইদানীং অহং ভূপস্য শোভনং নগরং গচ্ছামি*** = না, এখন আমি রাজার উত্তম শহরে যাই।

৬. ***স পুরুষঃ ভূপস্য শোভনাৎ নগরাৎ ইদানীং এব আগচ্ছতি*** = সেই মনুষ্য রাজার সুন্দর নগর থেকে এখনি এলো।

৭. ***স বলিষ্ঠঃ পুরুষ ইদানীং কুত্র অস্তি*** = সেই বলবান পুরুষ এখব কোথায় আছে ?

এখন নিম্নলিখিত শব্দ স্মরণে রাখুন —

১. ***অহং*** — আমি

২. ***মাং*** — আমাকে, আমায়

৩. ***ময়া*** — আমি

৪. ***মহ্যং*** — আমার জন্য

৫. ***মৎ*** — আমার থেকে / আমার দ্বারা

৬. ***মম*** — আমার

৭. ***ময়ি*** — আমাতে / আমার মধ্যে

এখন এগুলোর প্রয়োগ দেখুন —

১. ***অহং মম গৃহং ইদানীং এব গচ্ছামি*** = আমি নিজের ঘর এখনি যাই।

২. ***ত্বং মম গৃহং ইদানীং এব আগচ্ছসি কিং*** = তুমি কি আমার ঘর এখনি আসবে ?

৩. ***স পুরুষঃ মাং বদতি*** = সেই মনুষ্য আমাকে বলে।

৪. ***অহং নগরাৎ নগরং গচ্ছামি*** = আমি শহর থেকে (অন্য) শহরে যাই।

৫. ***মম গৃহং শোভনং নাস্তি কিম্*** = আমার ঘর সুন্দর নয় কি ?

এখন এই সুযোগে দুই-একটি শব্দ আয়ত্তে নিয়ে আসুন —

সহ	= সাথে	***সকাশাৎ***	= পাশে থেকে
সাকং	= সাথে	***সৎবরং***	= শীঘ্র
প্রতি	= প্রতি	***দত্তঃ***	= দেওয়া / প্রদত্ত
কৃতঃ	= করা হয়েছে / সম্পাদিত	***উক্তঃ***	= কথিত / বলা হয়েছে
গতঃ	= গিয়েছে	***আগতঃ***	= আসা হয়েছে, এসেছে

এখন এই শব্দগুলোর সাথে নিম্নক্ত বাক্যগুলো পড়ুন —

১. ***ময়া সহ স পুরুষঃ আগচ্ছতি***	= আমার সাথে সেই পুরুষ আসে।
২. ***স মম সকাশাৎ সৎবরং***	= সে আমার পাশে থেকে শীঘ্র গেল।
৩. ***ময়া রামায় ফলং দত্তম্***	= আমি রামের জন্য ফল দিয়েছি।
৪. ***ভূপেন মহ্যং ধনং দত্তম্***	= রাজা আমার জন্য ধন দিয়েছেন।
৫. ***ময়া উক্তং***	= আমি বলেছি।
৬. ***ময়া কৃতং***	= আমি করেছি।
৭. ***ময়া ইদানীং এব কৃতম্***	= আমি এখনি করেছি।
৮. ***ময়া সাকং স ন গচ্ছতি***	= আমার সাথে সে যায় না।

পাঠ — ১২

নিম্নলিখিত শব্দগুলো মনে রাখবেন —

১. ***ত্বম্***	= তুমি	৫. ***ত্বৎ***	= তোমার নিকট হতে / তোমার কাছ থেকে

২. ***ত্বাং*** = তোমাকে
৩. ***ত্বয়া*** = তোমার থেকে / তোমার দ্বারা
৪. ***তুভ্যং*** = তোমার জন্য
৬. ***তব*** = তোমার
৭. ***ত্বয়ি*** = তোমাতে / তোমার মধ্যে

এগুলো ব্যবহার করে অনেক সংস্কৃত বাক্য তৈরি করতে পারবেন, দেখুন —

১. ***অহং ত্বয়া সহ নগরং গচ্ছামি*** = আমি তোমার সাথে শহরে যাই।
২. ***ত্বং ময়া সহ নগরং গচ্ছসি*** = তুমি আমার সাথে শহর যাবে।
৩. ***স ময়া সহ তত্র ন গচ্ছতি, পরন্তু ত্বয়া সহ অত্র পঠতি*** = সে আমার সাথে সেখানে যায় না, কিন্তু তোমার সাথে এখানে পড়ে।

এখন আরও কিছু বাক্য দেখুন —

১. ***তব গৃহং শোভনং অস্তি*** = তোমার বাড়ি সুন্দর।
২. ***ময়া তুভ্যং ধনং দত্তম্*** = আমি তোমার জন্য ধন দিয়েছি।
৩. ***ত্বয়া মহ্যং ধনং দত্তম্*** = তুমি আমার জন্য ধন দাও নি।
৪. ***স পুরুষঃ মম পুস্তকং ত্বয়া সহ পঠতি*** = সেই মনুষ্য আমার বই তোমার সাথে পড়ে।
৫. ***ত্বং বীর পুরুষঃ অসি*** = তুমি বীরপুরুষ।
৬. ***স শোভনঃ ভূপঃ অস্তি*** = সে উত্তম রাজা।
৭. ***তব বীরঃ পুত্রঃ কুত্র অস্তি*** = তোমার বীরপুত্র কোথায় ?
৮. ***তব গৃহে ত্বং কিং ন পঠসি*** = নিজের ঘরে তুমি কেন পড়ো না ?
৯. ***অত্র ত্বং কদা আগচ্ছসি*** = এখানে তুমি কখন আসবে ?
১০. ***তব ফলং কুত্র অস্তি*** = তোমার ফল কোথায় ?
১১. ***যত্র বলভদ্রস্য বস্ত্রং অস্তি*** = যেখানে বলভদ্রের বস্ত্র আছে।
১২. ***ত্বয়া অদ্য কিমপি ন কৃতম্*** = তুমি আজ কিছুই করো নি।
১৩. ***তব নগরাৎ অহং অদ্য ইদানীং এব আগতঃ*** = তোমার নগর থেকে আমি আজ এখনি আসলাম।

সন্ধি করে বাক্য

পূর্ব পাঠে প্রদত্ত বাক্যের সন্ধি নিচে দেওয়া বাক্যে দেখুন। এই বাক্য সমূহকে পাঠকগণ পূর্বপাঠে দেখতে পারবেন

তদাঽহং তত্র গচ্ছামি। তদা তত্রাঽহং গচ্ছামি। তদা তত্র গচ্ছাম্যহম্। কস্ত্রত্র গচ্ছতি ? তত্র কো গচ্ছতি ? গচ্ছতি কস্তত্র ? যদাঽহং তত্র ন পশ্যামি স তদা তত্র গচ্ছতি। যদা তত্রাঽহং ন পশ্যামি স তদা তত্র গচ্ছতি। যদা তত্র নাঽহং পশ্যামি স তদা তত্র গচ্ছতি। যদা তত্র ন পশ্যাম্যহং স তদা তত্র গচ্ছতি। যদা ত্বং তত্র ন পশ্যসি তদা সোঽত্র বদতি। যদা ত্বং তত্র পশ্যস্যত্র তদা স বদতি। যদা ত্বং তত্র পশ্যসি তদা স বদত্যত্র। কদা ত্বমত্র খাদসি ?

পাঠ — ১৩

নিম্নলিখিত বাক্য সমূহ এখন আপনি খুব সহজেই বুঝতে পারবেন —

অহং সৎবরং আগচ্ছামি। কিং ত্বং মম গৃহং প্রতি ইদানীং এব সৎবরং ন আগচ্ছসি ? স কুত্র গতঃ ? ময়া ধনং ন দত্তম্। ময়া কিং ইদানীং উক্তম্ ? ত্বং ইদানীং কিং কিমপি ন বদসি ? স ইদানীং কুত্র গতঃ ? ত্বং ইদানীং যত্র গচ্ছসি তত্র স আগচ্ছতি কিম্ ? পুরুষস্য নগরং কুত্র অস্তি? স ইদানীং ফলং খাদতি। মম পুস্তকং যত্র অস্তি তত্র ত্বং ইদানীং কিং ন গচ্ছসি ?

এখন নিম্নলিখিত বাক্য সমূহ সংস্কৃত-তে রূপান্তর করুন —

আমি এখন না যাই। তুমি আমার সাথে আসো। সে আমার সাথে কেন আসে না ? আমার বই কোথায় ? যেখানে আমার ঘর সেখানে তুমি এখন আসবে ? আমি নিজের ঘর যাই। কেন তুমি আসবে না ? সে আসে। আমি শীঘ্র যাই।

সন্ধি করে সংস্কৃত বাক্য

যত্র স পশ্যতি তত্রাঽহং গচ্ছামি। স তত্র খাদতি। ত্বং কুত্র খাদসি ? যত্র স গচ্ছতি তত্রাহং গচ্ছামি। কো বদতি ? স কিং বদতি ? স তত্র ন বদতি। ত্বং তত্র কিং খাদসি ? অহং ম বদামি। নাঽহং বদামি। ন বদাম্যহম্। ন গচ্ছতি। ত্বং ন পশ্যসি ?

তদাঽহমত্র খাদামি। যদা ত্বং তত্র খাদস্যহং তদাত্র খাদামি। যদা ত্বং তত্র খাদসি তদাঽত্রাহং খাদামি। যদা ত্বং তত্র খাদসি তদাঽত্র খাদাম্যহম্।

অহং তত্র ন পশ্যামি। তত্রাঽহং ন পশ্যামি। ন তত্র পশ্যাম্যহম্। স তত্র ন গচ্ছতি। ত্বমত্র কিং পশ্যসি ? ত্বং কিং পশ্যস্যত্র ? কিমত্র ত্বং পশ্যসি ? অহং তত্র গচ্ছামি। তত্রাঽহং গচ্ছামি। গচ্ছাম্যহং তত্র। যত্র স গচ্ছতি তত্রাঽহং গচ্ছামি। যত্র স গচ্ছৎপহং তত্র গচ্ছামি। যত্র স গচ্ছতি গচ্ছাম্যহং তত্র। যত্র স গচ্ছতি গচ্ছামি তত্রাহম্। যত্রাহং পশ্যামি তত্র ত্বং কিং ন পশ্যসি ? যত্র পশ্যাম্যহং তত্র ত্বং কিং ন পশ্যসি ? যত্র স পশ্যতি তত্রাহং পশ্যামি। যত্র স পশ্যতি তত্র পশ্যাম্যহম্। যত্র স পশ্যত্যহং তত্র পশ্যামি।

নহি, নাহং তত্র গচ্ছামি। নহি, ন তত্রাহং গচ্ছামি। নহি, ন তত্র গচ্ছাম্যহম্। তহ্যহং তত্র গচ্ছামি।

সূচনা

এখানে বাক্যের শব্দগুলো এদিক-ওদিক করার মাধ্যমে সন্ধিতে কোনটি এবং কীরকম পার্থক্য হয় তা দেখানো হয়েছে। পাঠক সামান্য পরিশ্রম দ্বারা কোন শব্দগুলো সামনে-পেছনে করা হয়েছে তা বুঝতে পারবে।

পাঠ — ১৪

এখন নিম্নলিখিত শব্দ স্মরণে রাখুন —

যদি	= যদি	***নোচেৎ***	= না তো
তর্হি	= তো / তাহলে	***যুক্তং***	= ঠিক
কথং	= কীভাবে / কিভাবে	***সত্যং***	= সত্য

এই শব্দগুলো আপনাকে অবশ্যই মনে রাখতে হবে এবং এখন উপরোক্ত শব্দগুলোর ব্যবহার দেখুন —

১. যদি ত্বং তত্র ন গচ্ছসি তর্হি অহং অত্র এব আগচ্ছামি। ২. যদি ত্বং ফলং ইদানীং ন খাদসি তর্হি অহং ফলং খাদামি। ৩. যদি ত্বং বদসি তর্হি অহং বদামি। ৪. যদা ত্বং পঠসি তদা অহং ন পঠামি। ৫. অহং সত্যং বদামি। ৬. ত্বং যুক্তং বদসি। ৭. স ন সত্যং বদতি। ৮. কথং ত্বং এবং বদসি।

১. যদি তুমি সেখানে না যাও তো আমি এখানেই আসছি। ২. যদি তুমি ফল এখন না খাও তো আমি ফল খাই। ৩. যদি তুমি বলো তো আমি বলি। ৪. যখন তুমি পড়ো তখন আমি পড়ি না। ৫. আমি সত্য বলি। ৬. তুমি ঠিক বলো। ৭. সে সত্য বলে না। ৮. কীভাবে তুমি এইভাবে বলো ?

এখন আপনি নিম্নলিখিত বাক্যগুলো পড়তেই বুঝতে পারবেন —

যদি ত্বং গচ্ছসি তর্হি অহং ন গচ্ছামি। যদি স ভূপঃ অত্র আগচ্ছতি তর্হি অহং কিমপি ন বদামি। কুত্র ত্বং ইদানীং গচ্ছসি ? যত্র ত্বং ন গচ্ছসি। স কিং ন কিমপি বদতি ? ন যুক্তং ত্বয়া। স ইদানীং ন সত্যং বদতি। স সর্বদা এব সত্যং বদতি।

এখন নিম্নলিখিত বাংলা বাক্য সমূহ সংস্কৃত বাক্যে রূপান্তর করুন —

তুমি কোথায় যাও ? সে এখন কোথায় ? রাজা শহরে রয়েছে। তুমি নিজের ঘরে। আমি তোমার ঘরে। তুমি আমার ঘরে নেই। এখন তুমি আমার ঘরে বই পড়ো। তুমি উত্তম শব্দ বলো। সে এখন সত্য বলে না। তুমি এখন সঠিক কেন বলো না ? তুমি যেখানে যাও সে সেখানে যায় না। আমি এখন শীঘ্র যাই। সে ঘরে নেই। সে এখন ঘরেই রয়েছে।

সন্ধি করে বাক্য

রামো গচ্ছতি। কৃষ্ণো বদতি। সোমো ন গচ্ছতি। কৃষ্ণস্তত্র ন পশ্যতি। তত্র কৃষ্ণো ন পশ্যতি। তত্র ন কৃষ্ণঃ পশ্যতি। ন কৃষ্ণস্তত্র পশ্যতি। কৃষ্ণো ন গচ্ছতি। ন কৃষ্ণো গচ্ছতি। রামো ন বদতি। ন রামো বদতি। সোমো গচ্ছতি। বায়ুঃ সদা গচ্ছতি। সদা বায়ুর্গচ্ছতি। কৃষ্ণঃ কিং ন বদতি ? কিং কৃষ্ণো ন বদতি ? কিং ন কৃষ্ণো বদতি ? জয়চন্দ্রঃ কিং ন পশ্যতি ? কিং

জয়চন্দ্রো ন পশ্যতি ? কিং ন জয়চন্দ্রঃ পশ্যতি ? সর্বমিত্রো ন খাদতি। ন সর্বমিত্রঃ খাদতি। স তত্র কিং ম খাদতি ?

পাঠ — ১৫

পাঠক এখন নিম্নলিখিত শব্দ স্মরণে রাখুন —

১. ***কঃ***	= কে	৪. ***কস্মৈ***	= কার জন্য
২. ***কং***	= কাকে	৫. ***কস্মাৎ***	= কার নিকট হতে
৩. ***কেন***	= কার থেকে, কে, কার দ্বারা	৬. ***কস্য***	= কার
		৭. ***কস্মিন্***	= কাহাতে / কার মধ্যে

এই শব্দগুলোর ব্যবহার নিম্নলিখিত প্রকারে করুন এবং বাক্য তৈরি করুন —

১. ***কঃ স পুরুষঃ অস্তি ?***	= সে কোন মনুষ্য ?
২. ***ত্বং কং পুরুষং পশ্যসি ?***	= তুমি কোন পুরুষকে দেখ ?
৩. ***তুভ্যং কেন নরেণ ধনং দত্তম্ ?***	= তোমায় কোন মনুষ্য ধন দিয়েছে ?
৪. ***কস্মৈ জনায় ত্বয়া বস্ত্রং দত্তম্ ?***	= কোন মনুষ্যের জন্য তুমি বস্ত্র দিয়েছ ?
৫. ***কস্মাৎ নগরাৎ ত্বং ইদানীং আগতঃ ?***	= কোন শহর থেকে এখন তুমি আসলে ?
৬. ***কস্য গৃহে স ইদানীং অস্তি ?***	= কার ঘরে এখন সে রয়েছে ?
৭. ***কস্মিন্নগরে কমলং নাস্তি ?***	= কোন শহরে পদ্ম নেই ?

এখন আপনি নিম্নলিখিত বাক্য পড়তেই শীঘ্র বুঝতে পারবেন —

কঃ মনুষ্যঃ অত্র অস্তি ? অত্র ন কঃ পুরুষঃ অস্তি। অহং এব অত্র ইদানীং অস্মি। ইদানীং ত্বং পুস্তকং পঠসি কিং ? স কৃপেণঃ পুরুষঃ তত্র নাস্তি। অত্র ত্বং কদা আগচ্ছসি ? ত্বং সদা সত্যং বদসি তথা অহং সদা যুক্তং বদামি।

এখন নিম্নলিখিত শব্দগুলো স্মরণে রাখুন —

লিখতি	= (সে) লেখে	***তিষ্ঠতি***	= (সে) দাড়িয়ে থাকে
লিখসি	= (তুমি) লেখ	***তিষ্ঠসি***	= (তুমি) দাড়িয়ে থাক
লিখামি	= (আমি) লিখি	***তিষ্ঠামি***	= (আমি) দাড়িয়ে থাকি
পচতি	= (সে) পাক করে	***ধাবতি***	= (সে) দৌড়ায়
পচসি	= (তুমি) পাক করো	***ধাবসি***	= (তুমি) দৌড়াও
পচামি	= (আমি) পাক করি	***ধাবামি***	= (আমি) দৌড়াই

সন্ধিযুক্ত বাক্য

রামোঽত্র পঠতি তদা তত্র স খাদতি। যদাত্র রামঃ পঠতি তদা তত্র স খাদতি। রামো যদাঽত্র পঠতি তদা তত্র স খাদতি। যদা কৃষ্ণস্তত্র গচ্ছতি তদা স নৈব পঠতি। কৃষ্ণো যদা তত্র গচ্ছতি তদা স নৈব পঠতি। যদা তত্র গচ্ছতি কৃষ্ণস্তদা স নৈব পঠতি। অহমাগচ্ছামি। আগচ্ছম্যহম্। ত্বমাগচ্ছসি। অহং নাগচ্ছামি। নাগচ্ছাম্যহম্।

পাঠ — ১৬

আপনাদের পনেরোটি পাঠ পূর্ণ হয়েছে। এই পাঠ সমূহ দ্বারা আপনাদের যোগ্যতা কতটুকু হয়েছে তা আপনারা এই পাঠে দেখবেন। আপনার/আপনাদের পরীক্ষার জন্য শ্রীমদ্ভাগবদগীতার দুইটি শ্লোক এখানে দেওয়া হলো —

ঈশ্বরঃ সর্বভূতানাং হৃদ্দেশেঽর্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্সর্বভূতানি যন্ত্ররূঢানি মায়য়া॥
তমেব শরণং গচ্ছ সর্বভাবেন ভারত।
তৎপ্রসাদাৎপরাং শান্তিং স্থানং প্রাপ্স্যসি শাশ্বতম্॥

[গীতা ১৮/৬১,৬২]

পদ — ***ঈশ্বরঃ। সর্ব + ভূতানাং। হৃদ্ + দেশে। অর্জুন। তিষ্ঠতি।***
ভ্রাময়ন্। সর্ব + ভূতানি। যন্ত্র + আরূঢানি। মায়য়া॥
তং। এব। শরণং। গচ্ছ। সর্ব + ভাবেন। ভারত।
তৎ + প্রসাদাৎ। পরাং। শান্তিং। স্থানং। প্রাপ্স্যসি। শাশ্বতম্ ॥

অন্বয় – ***হে অর্জুন ! সর্বভূতানাং হৃদ্দেশে ঈশ্বরঃ তিষ্ঠতি।***
মায়য়া যন্ত্র আরূঢ়ানি সর্বভূতানি ভ্রাময়ন্ ॥ ৬১ ॥
হে ভারত ! তং এব সর্বভাবেন শরণং গচ্ছ।
তৎ প্রসাদাৎ পরাং শান্তিং শাশ্বতং স্থানং প্রাপ্স্যসি ॥ ৬২ ॥

পাঠকবৃন্দ ! আপনাদের এই শ্লোকের বিষয়বস্তু প্রায় জ্ঞাতার্থে এসেই গেছে। যদি না আসে তো এই অন্বয় দুই-চার বার পড়ুন, তাহলে অবশ্যই ভাবে বুঝে যাবেন। আপনাদের সুবিধার জন্য শব্দার্থ এখানে দেওয়া হলো —

হে অর্জুন ! (***সর্বভূতানাং***) সকল প্রাণীদের (***হৃদ্দেশে***) হৃদয় প্রদেশে (***ঈশ্বরঃ***) ঈশ্বর (***তিষ্ঠতি***) অবস্থিত থাকে এবং (***মায়য়া***) কুশলতার সহিত (***যন্ত্র আরূঢ়ানি***) যন্ত্রের উপর সংযুক্ত চিত্রের সমান (***সর্বভূতানি***) সকল প্রানীদেরকে (***ভ্রাময়ন্***) পরিচালনা করছেন ॥ ৬১ ॥

হে (***ভারত***) অর্জুন ! (***তং এব***) তাঁকেই (***সর্বভাবেন শরণং***) পূর্ণ ভক্তি দ্বারা শরণ (***গচ্ছ***) যাও। (***তৎ প্রসাদাৎ***) তাঁর প্রসাদ থেকে (***পরাং***) শ্রেষ্ঠ শান্তি তথা শাশ্বত স্থান (***প্রাপ্স্যসি***) তুমি প্রাপ্ত করবে ॥ ৬২ ॥

এই দুই শ্লোকের অর্ধেক অংশ তো আপনাদের জ্ঞাতার্থে এসে গিয়েছিল। কোনো শব্দ আপনাদের পরিচিত ছিল না, এইজন্য শেষ বা বাকী অর্ধেক অংশ আপনাদের জ্ঞাতার্থে আসে নি। যদি সামান্য অধিক শব্দ আপনাদের পরিচিত হয়ে যায়, তো এই প্রকারের শ্লোকও আপনারা অবশ্যই জ্ঞাত হয়ে যাবেন। এতটুকু বিশ্বাস এই সময় মনে অবশ্যই উৎপন্ন হবে।

যদি সামান্য প্রযত্নে আপনি/আপনারা এই শ্লোক বুঝতে পারেন, তাহলে আপনি যদি এক বর্ষ এই প্রকার প্রযত্ন করেন, তবে রামায়ণ মহাভারত বুঝতে আপনার কোনো কঠিনতা অনুভব হবে না।

পাঠ — ১৭

পূর্বোক্ত শ্লোক থেকে তৈরিকৃত কিছু বাক্য দেখুন —

হৃদ্দেশে ঈশ্বরঃ তিষ্ঠতি।

হৃদয়ে ঈশঃ অস্তি।
তং শরণং গচ্ছ।
ঈশং শরণং গচ্ছ।
ঈশ্বরং শরণং গচ্ছ।
পরাং শান্তিং প্রাপ্স্যসি।
শাশ্বতং স্থানং প্রাপ্স্যসি।

এই প্রকার অন্য বাক্যও বহু হতে পারে, সেগুলো এখানে দেখুন —

যুদ্ধদেশে অর্জুনঃ তিষ্ঠতি।
রথে কৃষ্ণঃ তিষ্ঠতি।
নগরে ভূপঃ তিষ্ঠতি।
দ্বারদেশে নরঃ তিষ্ঠতি।
ভূপং শরণং গচ্ছ।
নরং শরণং ন গচ্ছ।
শোভনং পুস্তকং প্রাপ্স্যসি

এই প্রকার আপনি অনেক বাক্য তৈরি করতে পারবেন, এবং করবেন। তাহলেই সংস্কৃত ভাষায় আপনার প্রগতি বৃদ্ধিতে সহায়তা হবে।

সংস্কৃত বাক্য

যদা ত্বং লিখসি তদা স তত্র ধাবতি। যদা স গৃহে তিষ্ঠতি তদা অহং পুস্তকং ম পঠামি। যদা স ধাবতি তদা ফলং খাদতি। যদা ত্বং পচসি তদা অহং লিখামি। স পুরুষঃ ইদানীং ধাবতি। স বীরঃ পুরুষঃ কদা অত্র আগতঃ ? ত্বং কিমপি কিং ন লিখসি ? স কিং অত্র তিষ্ঠতি ? স কিং ধাবতি ?

এখন নিম্নলিখিত বাংলা বাক্য সমূহকে সংস্কৃত বাক্যে রূপান্তর করুন —

যখন তুমি বলো তখন সে দৌড়ায়। সে কেন রান্না করে ? সে কেন আসে নি ? সে কোথায় ? আমি এখানে। সেই মনুষ্য এখন কেন দৌড়ায় ? যখন তুমি ফল খাও তখন সে পত্র লিখে ? যদি তুমি না দেখ, তো সে যায় না ? তুমি কি এখানে দাড়িয়ে আছো ? সে এখানে কেন নেই ? তুমি এখন কেন দৌড়াও না ? তুমি তাঁকে পত্র কেন লিখ না ? তুমি কোথায় দেখ? তুমি সেখানে কেন দেখ ?

এখন এই বাক্য সমূহকে আপনি অনায়াসে বুঝতে পারবেন —

ত্বং ইদানীং কিং পশ্যসি ? সঃ অধুনা কুত্র গতঃ ? রামঃ ইদানীং তত্র নাস্তি কিম্ ? অহং নগরাৎ ইদানীমেব আগতঃ। অহং শীঘ্রং পুস্তকং পঠামি। ঈশ্বরঃ কুত্র অস্তি ? ঈশ্বরঃ হৃদ্দেশে তিষ্ঠতি। মনুষ্যস্য হৃদয়-প্রদেশে ঈশঃ অস্তি। মম হৃদয়দেশে ঈশ্বরঃ অস্তি কিম্ ?

পাঠ — ১৮

নিম্নলিখিত শব্দগুলো মুখস্থ করুন —

১. ***সঃ***	= সে / তিনি	৫. ***তস্মাৎ***	= তার থেকে, এইজন্য
২. ***তং***	= তাঁকে / তাকে	৬. ***তস্য***	= তাঁর / তার
৩. ***তেন***	= তিনি, তাঁর সাথে	৭. ***তস্মিন্***	= তাঁর মধ্যে / তাহাতে
৪. ***তস্মৈ***	= তার জন্য		

এগুলোর এখন বাক্যে প্রয়োগ করুন —

তব পুস্তকং অহং নৈব পঠামি। মম পুস্তকং এব পঠামি। ত্বং ইদানীং মম পুস্তকং পশ্যসি। যদা ত্বং তত্র গচ্ছসি তদা স কুত্র ভবতি ? যদি ত্বং ফলং ন খাদসি তর্হি অহং ন খাদামি। অধুনা স পত্রং লিখতি। স পুস্তকেন সহ অত্র আগচ্ছতি। ত্বং রামেণ সহ অত্র আগচ্ছসি কিম্ ? কথং স তত্র নাগচ্ছতি ? পুস্তকস্য পত্রং কুত্র অস্তি ? তব গৃহং কুত্র অস্তি ? মম গৃহং তব গৃহস্য সমীপং এব অস্তি।

তব হৃদয়ে ঈশ্বরঃ অস্তি এব। অহং তং ঈশ্বরং সর্বভাবেন শরণং গচ্ছামি। ত্বং তং ঈশ্বরং সর্বভাবেন শরণং গচ্ছ বিপুলং ধনং প্রাপ্স্যসি। গৃহে ধনং ভবতি।

মম গৃহে শ্রীরামচন্দ্রঃ অস্তি। তেন সহ অহং ভ্রমণায় গচ্ছামি। ত্বং কেন সহ ভ্রমণায় গচ্ছসি ?

১. *তস্য গৃহং অত্র নাস্তি*	= তাঁর ঘর এখানে নয়।
২. *স ইদানীং কুত্র অস্তি*	= সে এখন কোথায় ?
৩. *তস্য নগরং অধুনা গচ্ছ*	= তাঁর শহরকে এখন যাও।
৪. *তেন তুভ্যং কিং দত্তম্*	= তিনি তোমাকে কী দিয়েছে ?
৫. *কেন তস্মৈ ফলং দত্তম্*	= কে তাঁকে ফল দিয়েছে ?
৬. *তস্মাৎ নগরাৎ অত্র আগচ্ছ*	= সেই নগর থেকে এখানে আসো।
৭. *তস্য ঈশ্বরস্য বাচকঃ প্রণবঃ অস্তি*	= সেই ঈশ্বরের বাচক প্রণব (ওঙ্কার)।

এখন আপনি নিম্নলিখিত বাক্যগুলো পড়তেই সব বুঝতে পারবেন —

সংস্কৃত পাঠ

তস্মিন্ নগরে তব গৃহং কস্মিন্ স্থানে অস্তি ? রামচন্দ্রস্য গৃহস্য সমিপে মম গৃহং অস্তি। সূর্যস্য প্রকাশে সঃ তিষ্ঠতি। ত্বং সূর্যস্য কিরণে পুস্তকং কিং পঠসি ? তেন মহ্যং পুস্তকং দত্তং, তৎ অহং ইদানীং চন্দ্রস্য প্রকাশেন পঠামি। ত্বং দীপস্য প্রকাশে পুস্তকং পঠসি কিম্ ? নহি নহি, অহং দীপস্য প্রকাশে পুস্তকং ন পঠামি। অহং হ্যঃ রামচন্দ্রস্য গৃহং গতঃ। তত্র ইন্দ্রদত্তঃ কিং পশ্যতি ? স ফলং কিং ন খাদতি ? সোমেন দত্তং ফলং স ম খাদতি। রামস্য শোভনং পুস্তকং কুত্র অস্তি ? তৎ নগরং গচ্ছ। স ত্বাং তত্র পশ্যতি। অহং অত্র ত্বাং পশ্যামি। কথং স তত্র গচ্ছতি ? স তত্র নাস্তি।

এখন এই শব্দগুলো স্মরণে রাখুন —

বদ্	= বলো	***পঠ***	= পড়ো	***ভব***	= হও
পশ্য	= দেখো	***খাদ্***	= খাও	***গচ্ছ***	= যাও

আগচ্ছ	= আসো	***পচ***	= রান্না করো	***ধাব***	= দৌড়াও
প্রাপয়	= পৌঁছাও	***চল***	= চলো	***পত***	= পরে যাও
কুরু	= করো	***দেহি***	= দাও	***ব্রূহি***	= বলো
লিখ	= লিখ	***তিষ্ঠ***	= দাঁড়াও	***ভ্রাময়***	= ঘোরাও
নয়	= নিয়ে যাও	***উপবিশ***	= বসো	***আনয়***	= নিয়ে আসো

এখন এগুলোর ব্যবহার করে বাক্য তৈরি করুন —

১. ***হে রামচন্দ্র ! ত্বং ফলং খাদ্*** = হে রামচন্দ্র ! তুমি ফল খাও।
২. ***হে মনুষ্য ! পুস্তকং পঠ*** = হে মনুষ্য ! তুমি বই পড়ো।
৩. ***ত্বং তত্র গচ্ছ*** = তুমি সেখানে যাও।
৪. ***ইদানীং সৎবরং ধাব*** = এখন শীঘ্র দৌড়াও
৫. ***সত্যং বদ্*** = সত্য বলো।
৬. ***পত্রং লিখ*** = পত্র লিখ।
৭. ***ফলং তত্র নয়*** = ফল সেখানে নিয়ে যাও।

বাচন-পাঠ

